দৈনিক
ইনকিলাব

তারিখ 25-DEC 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

# ধর্মীয় অনুভূতিতে আঘাত হেনে আবার ইসলাম শিক্ষা বিষয়ে প্রশ্নপত্র

যশোর অফিস ঃ যশোরের ঝিকরগাছা বেসরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি পরিচালিত '৯৬ সালের বার্ষিক পরীক্ষার নবম শ্রেণীর ইসলাম শিক্ষা বিষয়ের নৈর্ব্যক্তিক অভীক্ষা প্রশ্নপত্রে মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে একটি প্রশ্ন করা হয়েছে। ঝিকরগাছা শিক্ষক সমিতির নবনির্বাচিত কর্মকর্তারা গতকাল এক জরুরী বৈঠক করে স্পর্শকাতর ও ধর্মীয় অনুভূতিতে আঘাত করা প্রশ্নপত্রের ব্যাপারে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত টীম গঠন করেছে। প্রশ্নটি হচ্ছে ঃ মুসলিম জাতির আদি পিতা কে? (ক) শেখ মুজিবুর রহমান (খ) হযরত ওমর (রাঃ) (গ) হযরত ইব্রাহীম (আঃ) (ঘ) হযরত নূহ (আঃ)। প্রশ্নেপত্রে ৫০টি প্রশ্ন ছিল। তার মধ্যে ৭ নম্বর প্রশ্নে এটি করা হয়েছে। প্রশ্নকর্তার ধৃষ্টতায় এলাকার ধর্মপ্রাণ মুসলমানদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। ঐ প্রশ্নপত্রে ঝিকরগাছার ৩৭টি বিদ্যালয়ে গত ২২ ডিসেম্বর নবম শ্রেণীর পরীক্ষার্থীদের ইসলাম শিক্ষা বিষয়ে পরীক্ষা নেয়া হয়।

ঝিকরগাছা বেসরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি গোলাম কবীর জোয়ার্দার ও সম্পাদক এস এম মাহবুব-উল আলম স্বাক্ষরিত গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রশ্নটি বিতর্কিত, স্পর্শকাতর ও ধর্মীয় অনুভূতিতে আঘাতজনিত হওয়ার প্রেক্ষিতে অত্র সমিতির কর্মকর্তারা তাৎক্ষণিকভাবে তদন্ত টীম গঠন করে ২৪ ঘন্টার মধ্যে তদন্ত রিপোর্ট পেশের সিদ্ধান্ত নিয়েছে এবং বিষয়টির ব্যাপারে তারা গভীর দুঃখ ও ক্ষোভ প্রকাশ করেছেন। জামায়াতে ইসলামী যশোর শহর শাখার কর্মপরিষদের

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন